



STEPPING STONE
SCHOOL (HIGH)

Class- IV

Subject- 2nd Language (Bengali)

Time- 30 minutes

Topic- Handwriting & Spelling

Date-20/05/2020

Worksheet-13

(প্রথমে গদ্যাংশটি সঠিক উচ্চারণ, বিবাম চিহ্ন ও অভিব্যক্তি (Expression) অনুযায়ী ভালো করে
জোবে জোবে পড়ো। তারপর অংশটি একটি পৃষ্ঠায় দেখে দেখে লেখ এবং নীচে দাগ দেওয়া শব্দ
গুলি বানানের জন্য আলাদা করে লিখে মুখস্থ করো। লেখার পর পৃষ্ঠাগুলি ভাবিখ অনুযায়ী যত্ন
করে একটি ফাইল-এ রাখো)

রাজা বললেন, “আশ্চর্য এই যে, তোমার মতো মোটা বুদ্ধি লোকেও এই রকম আবোল-তাবোল ব’কে মোটা মোটা মাইনে পাও। মন্ত্রী, আজ থেকে এঁর মাইনে বন্ধ করা।” অমনি সকলে হাঁ হাঁ ক’রে উঠলেন, “মাইনে বন্ধ করা।”

দুই পণ্ডিতের ঐ রকম দুর্দশা দেখে, সবাই কেমন ঘাবড়ে গেল। মিনিটের পর মিনিট যায় কেউ আর কথা কয় না। তখন রাজা মশাই দস্তুর মতো ক্ষেপে গেলেন। তিনি হুকুম দিলেন, “এর জবাব না পাওয়া পর্যন্ত, কেউ যেন সভা ছেড়ে না ওঠে।” রাজার হুকুম—সকলে আড়ষ্ট হ’য়ে ব’সে রইল। ভাবতে ভাবতে কেউ কেউ ঘেমে লাল হ’য়ে উঠল, চুলকিয়ে চুলকিয়ে কারো কারো মাথায় প্রকাণ্ড টাক পড়ে গেল। ব’সে ব’সে সকলের খিদে বাড়তে লাগল—রাজা মশাইয়ের খিদেও নেই, বিশ্রামও নেই—তিনি ব’সে ব’সে ঝিমুতে লাগলেন।

সকলে যখন হতাশ হ’য়ে এসেছে, আর পণ্ডিতদের “মূর্খ অপদার্থ নিষ্কর্মা” ব’লে গাল

দিচ্ছে, এমন সময় রোগা সুটকো মতো একজন লোক হঠাৎ বিকট চীৎকার ক’রে সভার মাঝখানে পড়ে গেল। রাজা-মন্ত্রী, পাত্র-মিত্র, উজির-নাজির, সবাই ব্যস্ত হ’য়ে বললেন, “কী হলো, কী হলো?”

তখন অনেক জলের ছিটা পাখার বাতাস আর বলা কওয়ার পর, লোকটা কাঁপতে কাঁপতে উঠে বললে, “মহারাজ, সেটা কী দাঁড়কাক ছিল?” সকলে বললে, “হাঁ-হাঁ-হাঁ, কেন বল দেখি?” লোকটা আবার বললে, “মহারাজ, সে কি ঐ মাথার উপর দক্ষিণ দিকে মুখ ক’রে বসেছিল—আর মাথা নিচু ক’রে ছিল, আর চোখ পাকিয়ে ছিল, আর ‘কঃ’ ক’রে শব্দ করেছিল?” সকলে ভয়ানক ব্যস্ত হ’য়ে বললে, “হাঁ, হাঁ—ঠিক ঐ রকম হয়েছিল।” তাই শুনে লোকটা আবার ভেউ ভেউ ক’রে কাঁদতে লাগল—আর বলতে লাগল, “হায়, হায়, সেই সময়ে কেউ আমায় খবর দাওনি কেন?”

রাজা বললেন, “তাই তো, একে তোমরা তখন খবর দাওনি কেন?” লোকটাকে কেউই চেনে না, তবু সেকথা বলতে সাহস পেলো না, সবাই বললে, “হ্যাঁ ওকে একটা খবর দেওয়া উচিত ছিল”—যদিও কেন তাকে খবর দেবে, আর কী খবর দেবে, একথা কেউই বুঝতে পারল না। লোকটা তখন খুব খানিকটা কেঁদে তারপর মুখ বিকৃত ক’রে বললে, “দ্বিঘাংচু!” সে আবার কি! সবাই ভাবল, লোকটা ক্ষেপে গেছে।